

তথ্যবিবরণী

নম্বর-১৩৩

মাদক ও চোরাচালান রোধকল্পে জানুয়ারি মাসে ময়মনসিংহ বিভাগের
টাস্কফোর্সের ২২ অভিযান অন্যান্য বাহিনীর ৭৬৫২ অভিযান

ময়মনসিংহ (বুধবার, ২৮ ফেব্রুয়ারি, ২০২৪):

বিভাগীয় চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্সের ফেব্রুয়ারি মাসের সভার সূত্রে জানা যায়, এ কমিটি জানুয়ারি মাসে ২২টি অভিযান পরিচালনা করে। টাস্কফোর্স ব্যতীত বিভিন্ন বাহিনী কর্তৃক মাদক ও চোরাচালান প্রতিরোধে জানুয়ারিতে মোট ৭৬৫২টি অভিযান পরিচালিত হয়। এর মধ্যে পুলিশ বাহিনী কর্তৃক ১৫১৫টি, বিজিবি কর্তৃক ৫৮৬৯টি, র্যাব কর্তৃক ০৯টি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ২৫৯টি অভিযান পরিচালিত হয়। এতে মাদক সংক্রান্ত ২৩৬টি ও চোরাচালান সংক্রান্ত ২৮টি মামলা করা হয়েছে এবং ইতোমধ্যে ৩৮৯ জন আসামী গ্রেফতার করা হয়েছে।

সভাসূত্রে জানা যায়, জানুয়ারি ২০২৪-এ ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা পর্যায়ে চোরাচালান প্রতিরোধে টাস্কফোর্স কমিটির একটি করে সভা অনুষ্ঠিত হয়। এসময়ে উপজেলা পর্যায়ে ময়মনসিংহের সীমান্তবর্তী হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলায় দুইটি, জামালপুরের বকশীগঞ্জ ও দেওয়ানগঞ্জ উপজেলায় দুইটি, নেত্রকোনার দুর্গাপুর ও কলমাকান্দা উপজেলায় দুইটি এবং শেরপুরের নালিতাবাড়ী, শ্রীবরদী ও ঝিনাইগাতী সীমান্তবর্তী উপজেলায় তিনটি করে সভা অনুষ্ঠিত হয়।

জানুয়ারি-২০২৪ মাসে পুলিশ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিজিবি ও র্যাব-১৪ কর্তৃক মাদক সংক্রান্ত মোট ২৩৬টি মামলা দায়ের করা হয়। বিবেচ্য মাসে তদন্তে নিষ্পত্তিকৃত মামলার মোট সংখ্যা ১৮১টি। পূর্ব মাসের জের ধরে এ মাস পর্যন্ত মোট তদন্তাধীন মামলা ৬৮২টি এবং পেন্ডিং মামলা ৪৫৪টি। অপরদিকে এ মাসে উল্লেখিত আইনশৃঙ্খলা বাহিনী কর্তৃক চোরাচালান সংক্রান্ত মোট ২৮টি মামলা দায়ের করা হয়। বিবেচ্য মাসে তদন্তে নিষ্পত্তিকৃত মোট মামলা ৩৩টি। পূর্ব সময়ের জের ধরে এ মাস পর্যন্ত মোট তদন্তাধীন মামলা ১৪২টি এবং পেন্ডিং মামলা ১০৯টি।

ময়মনসিংহ জেলা প্রশাসন, জেলা পুলিশ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পরিচালিত চারটি টাস্কফোর্স অভিযানে ৫৪০ গ্রাম গাঁজা ও ২৪ গ্রাম হেরোইন; হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলা প্রশাসন, পুলিশ এবং বিজিবি পরিচালিত ৩টি অভিযানে ৮ গ্রাম হেরোইন ও ৩ বোতল ভারতীয় মদ; জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোনা কর্তৃক ২টি অভিযানে ৩০০ গ্রাম গাঁজা ও ২১ পিস ইয়াবা; জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর কর্তৃক ৬টি অভিযানে ১৩.৫ গ্রাম হেরোইন, ৮১ পিস ইয়াবা, ৪৪ বোতল বিলাতি মদ, ১ কেজি ২৯০ গ্রাম গাঁজা ও ১.৫ লিটার চোলাই মদ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, শেরপুর কর্তৃক চারটি অভিযানে ০২ গ্রাম হেরোইন আটক করা হয়।

উল্লেখ্য, জানুয়ারি-২০২৪ এ কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, ময়মনসিংহ বিভাগ ১২ লাখ ৮৪ হাজার ১শ ১২ টাকা মূল্যের পণ্য এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, নেত্রকোনা বিভাগ ৯৬ লাখ ৮৯ হাজার ১শ ৯৪ টাকা মূল্যের পণ্য নিলাম করে।

দেওয়ান/মনির/রিদওয়ান/হদা/রেজভী/২০২৪/১৪:০০ ঘন্টা